



## ১৪ ডিসেম্বর বিদায়ী ভাষণ দেবেন প্রধান বিচারপতি রেফাত আহমেদ



সংগৃহীত ছবি

সুপ্রিম কোর্টের বিজ্ঞপ্তি অনুযায়ী প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ আগামী ২৭ ডিসেম্বর বয়সসীমা পূর্ণ হওয়ায় অবসরে যাচ্ছেন। অবসরে যাওয়ার আগে তিনি বিচার বিভাগের শীর্ষ কর্মকর্তাদের উদ্দেশে ১৪ ডিসেম্বর বিদায়ী ভাষণ প্রদান করবেন।

সংবিধান অনুসারে প্রধান বিচারপতির বয়সসীমা ৬৭ বছর, যা তিনি ২৭ ডিসেম্বর পূর্ণ করবেন। বিজ্ঞপ্তিতে জানানো হয়, দায়িত্ব ছাড়ার আগে বিচারবিভাগের কর্মকর্তাদের উদ্দেশে এটিই হবে তার শেষ আনুষ্ঠানিক ভাষণ।

এ উপলক্ষে ১৪ ডিসেম্বর রোববার বিকেল ৩টায় সুপ্রিম কোর্ট অডিটোরিয়ামে দেশের বিভিন্ন জেলার উচ্চ পদমর্যাদার বিচারকদের নিয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠকের আয়োজন করা হয়েছে। সেখানে জেলা ও মহানগর দায়রা জজ, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এবং চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটরা উপস্থিত থাকবেন। প্রধান বিচারপতি তাঁদের সামনে তার ‘বিদায়ী অভিভাষণ’ দেবেন।

চক্রিশের গণঅভ্যুত্থানের পর দেশের ২৫তম প্রধান বিচারপতি হিসেবে দায়িত্ব গ্রহণ করেন সৈয়দ রেফাত আহমেদ। হাইকোর্ট বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি হিসেবে তিনি ১০ আগস্ট নিয়োগ পান এবং পরদিন শপথ নেন। দায়িত্ব নেওয়ার পর বিচার বিভাগের সংস্কার, ডিজিটাইজেশন ও দক্ষতা বৃদ্ধির জন্য যে রোডম্যাপ তিনি ঘোষণা করেছিলেন—বিদায়ী ভাষণে সেই অগ্রগতি ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়েই মূলত আলোকপাত করবেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।